



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাবিতে দুই দিনব্যাপী ‘ট্রেন্স ইন ইলেক্ট্রনিক্স এন্ড হেলথ ইনফরম্যাটিক্স’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২০ ডিসেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনসিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)-র আয়োজনে আজ ‘ট্রেন্স ইন ইলেক্ট্রনিক্স এন্ড হেলথ ইনফরম্যাটিক্স’ শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের গণিত ও পরিসংখ্যান বিভাগের গ্যালারিতে এই সম্মেলন উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। উদ্বোধনী ভাষণে উপাচার্য বলেন, আইসিটি ও তথ্য-প্রযুক্তির অগ্রগতির ক্ষেত্রে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অবদান প্রশংসনীয়। উপাচার্য দৃঢ়ভাবে আশাবাদ ব্যক্ত করেন, আধুনিক ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার এবং কীভাবে এর মাধ্যমে স্বাস্থ্যসেবা সহজপ্রাপ্য হবে, তা সম্মেলনে উপস্থাপিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদ আহমদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আইসিটি ডিভিশনের মহাপরিচালক মোস্তফা কামাল এবং সম্মেলন আয়োজক কমিটির চেয়ারম্যান এবং আইআইটির পরিচালক অধ্যাপক এম শামীম কায়সার। সম্মেলনে অনলাইনে সংযুক্ত হয়ে বক্তব্য রাখেন ভারতের রাজস্থানের অ্যামিটি ইউনিভার্সিটির অধ্যাপক কানাদ রায় এবং জাপানের ন্যাশনাল ইনসিটিউট অব ম্যাটারিয়ালস সায়েন্সের ড. অনিবাগ বন্দোপাধ্যায়।

দুই দিনব্যাপী এই সম্মেলনে দেশি-বিদেশি শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীগণ অংশগ্রহণ করছেন।

মোহাম্মদ মহিউর্রহমান, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

